তোমরা রাস্তায় বসা থেকে বিরত থাক। লোকেরা বলল, হে আল্লাহর রসূল! ওখানে বসা ছাড়া আমাদের আর কোনো উপায় নেই। আমরা ওখানে বসে আলাপ-আলোচনা করি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, তোমরা যদি রাস্তায় বসা ছাড়া থাকতে না পারো, তাহলে রাস্তার হক আদায় করো। তারা বলল, হে আল্লাহর রসূল! রাস্তার হক কী? তিনি বললেন, দৃষ্টি অবনত রাখা, অপরকে কষ্ট দেওয়া থেকে বিরত থাকা, সালামের জবাব দেওয়া এবং ভালো কাজের আদেশ দেওয়া ও মন্দ কাজে বাধা প্রদান করা।

আবূ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমরা রাস্তায় বসা থেকে বিরত থাকো। লোকেরা বলল, হে আল্লাহর রসূল! ওখানে আমাদের বসা ছাড়া অন্য কোন উপায় নেই। আমরা ওখানে বসে আলাপ-আলোচনা করি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা যদি রাস্তায় বসা ছাড়া থাকতে না পার, তাহলে রাস্তার হক আদায় করো। তারা বলল, হে আল্লাহর রসূল! রাস্তার হক কী? তিনি বললেন, দৃষ্টি অবনত রাখা, অপরকে কষ্ট দেওয়া থেকে বিরত থাকা, সালামের জবাব দেওয়া এবং ভালো কাজের আদেশ দেওয়া ও মন্দ কাজে বাধা প্রদান করা।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম তার সাহাবীগণকে রাস্তায় বসা থেকে সতর্ক করলে তারা বললো, ওখানে বসা ছাড়া আমাদের আর কোনো উপায় নেই। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, “তোমরা যখন রাস্তায় বসা ছাড়া থাকতে পারছো না, তাতে তেমাদের বসতেই হয়, তাহলে তোমদের উপর ওয়াজিব হলো রাস্তার হক আদায় করা। তারা রাস্তার হক সম্পর্কে জিজ্ঞাসা করলেন। তিনি তাদের বললেন, যেসব মহিলা তাদের সামনে দিয়ে অতিক্রম করবে তাদের থেকে দৃষ্টি অবনত রাখা, রাস্তায় চলাচলকারীদেরকে কথা বা কর্ম দ্বারা কষ্ট দেওয়া থেকে বিরত থাকা, যারা তাদের সালাম দেবে তাদের সালামের জবাব দেওয়া এবং ভালো কাজের আদেশ দেয়া এবং যখন কোনো মন্দ কাজ তাদের সামনে হতে দেখবে তখন তাদের উপর ওয়াজিব হলো প্রতিবাদ করা।

http://sunnah.global/hadeeth/bn/show/5501